তারিখ ... 05 APR 2016 ...
পৃষ্ঠা ২০ কলাম ১-৬

সংবাদ

# ৮ দফা দাবিতে চুয়েট অচল

প্রতিনিধি, রাউজান (চট্টগ্রাম)

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (চুয়েট) স্থাপত্য বিভাগের শেষ বর্ষের শিক্ষার্থী মো. মোহাইমিনুল ইসলাম সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার প্রেক্ষিতে আট দফা দাবিতে আন্দোলন করছেন সাধারণ শিক্ষার্থীরা। এতে ক্লাশ-পরীক্ষাসহ সব ধরনের একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। ৩ এপ্রিল সকাল ৮টা থেকে ক্লাশ-পরীক্ষা বর্জন করে ক্যাম্পাসের গোলচত্বরে অবস্থান নেয় শিক্ষার্থীরা। এসময় সব একাডেমিক ভবনে তালা ঝুলিয়ে দেয় তারা। শিক্ষকরাও একাডেমিক ভবনে প্রবেশ করতে পারেননি। গোলচত্বরে পেট্রল দিয়ে টায়ারে আগুন ধরিয়ে আট দফা দাবির পক্ষে স্লোগান দিতে থাকে শিক্ষার্থীরা। তারা জানান, বিশ্ববিদ্যালয় প্রশাসন ও ইউএনও এর আশ্বাসের পরও আট দফা দাবির একটিও পূরণ না হওয়ায় বাধ্য হয়েই আন্দোলনে নেমেছেন। এখন পর্যন্ত প্রশাসনের পক্ষ থেকে শিক্ষার্থীদের সঙ্গে কোন আলোচনার উদ্যোগ দেখা যায়নি। এছাড়া ছাত্র কল্যাণ পরিচালক অধ্যাপক ড. আশুতোষ সাহা কর্তৃক এক আন্দোলনরত শিক্ষার্থীকে শারীরিকভাবে লাঞ্ছিত করার প্রতিবাদে সাধারণ শিক্ষার্থীরা তার কুশপুত্তলিকা দাহ এবং তার পদত্যাগ দাবি করে। সর্বশেষ খবর পাওয়া পর্যন্ত শিক্ষার্থীরা দফায় দফায় মিছিল করছে এবং প্রশাসনিক ভবন ও ছাত্রকল্যাণ পরিচালকের কার্যালয় ঘেরাও করে তালা ঝুলিয়ে রেখেছে। চুয়েটের উপচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম বলেন, আমরা শিক্ষার্থীদের দাবিগুলোর সঙ্গে একমত। তাদের দাবিগুলো আলোচনাধীন আছে । তবে শিক্ষার্থীরা জানান, তাদের দাবি পূরণ না হওয়া পর্যন্ত তাদের এই আন্দোলন অব্যাহত থাকবে।